

## আইটি সেक्टरে সুবিধাবঞ্চিতদের কর্মোদ্যোগ

🕒 ২৩ আগস্ট, ২০১৭ ইং ০০:০০ মিঃ



তরুণরা সমৃদ্ধ হলেই দেশ সমৃদ্ধ হবে। তরুণরা প্রশিক্ষণ নিলে, আত্মকর্মসংস্থান করলে দেশ দ্রুত এগিয়ে যাবে। আইটি সেक्टरে সম্ভাবনা রয়েছে প্রচুর। সেই সম্ভাবনার ক্ষেত্রটি তৈরিতে, প্রয়োজন নতুন স্বপ্ন নির্মাণের। গ্লোবাল ভিলেজ, গ্লোবালাইজেশন বা বিশ্বমানের যে তোড়জোড় সেটার অবদান একমাত্র তথ্য-প্রযুক্তির। আইসিটি বা তথ্য-প্রযুক্তিতে বর্তমানে রয়েছে চমতকার ক্যারিয়ার। আর তা এগিয়ে নেওয়ার লক্ষ্যেই প্রতিনিয়ত নেওয়া হচ্ছে প্রশিক্ষণসহ নানা উদ্যোগ। আইটি সেक्टरের আওতায় শিক্ষাপ্রতিষ্ঠানে দক্ষতা বিষয়ক প্রশিক্ষণও প্রদান করা হয়।

এমনি চিন্তা থেকে ন্যাশনাল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এনআইইটি) ঢাকা ও ন্যাশনাল ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (এনআইইটি)-তে SEIP প্রজেক্ট কো-অর্ডিনেশন ইউনিট কর্তৃক বাস্তবায়নায়িত্ব রয়েছে স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম। এই প্রকল্পের আওতায় আইটি বিষয়ক দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রফেশনাল ফ্রিল্যান্সিং, গ্রাফিক্স ডিজাইন, ওয়েবসাইট ডিজাইন ও ডেভেলপমেন্ট বিষয়সমূহে তিন মাস ও ছয় মাস মেয়াদি কোর্স শুরু হয়েছে। অনলাইনে [www.niettp.org.bd](http://www.niettp.org.bd) ঠিকানায় ফরম পূরণ করা যাবে অথবা সরাসরি যোগাযোগ করতে ফোন করতে পারবে এই নম্বরে ০১৯৫৫৫২৯৭০০। এই কোর্সে আরও রয়েছে আদিবাসী, প্রতিবন্ধী, সুবিধাবঞ্চিত এবং নারীদের জন্য বিশেষ ব্যবস্থা, প্রতিষ্ঠানের নিজস্ব আবাসন ব্যবস্থা, সফলভাবে কোর্স সম্পন্নকারীদের পরবর্তীতে চাকরিপ্রাপ্তিতে সহায়তা, উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তিতে সহায়তা করা, এককালীন বৃত্তি প্রদান করা।

---

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত